**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 31–03–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রাজ্যে লোকসভা নির্বাচন ও রামনগর বিধানসভার উপনির্বাচনকে কেন্দ্র করে রাজ্যে রাজনৈতিক দলগুলির প্রচার জমজমাট হয়ে উঠেছে ।**

**(২) আজ সকালের কালবৈশাখী ঝরে বিভিন্ন স্থানে ব্যাপক ক্ষয়ক্ষতি ।**

**(৩) বিশ্ব জুড়ে আজ পালিত হচ্ছে খ্রীষ্টান ধর্মাবলম্বীদের ইস্টার উৎসব ।**

**(৪) আগামী ২৪ ঘন্টায় রাজ্যে বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি ।**

****************************************

**C M camping at udaipur :**

লোকসভা নির্বাচন ও রামনগর বিধানসভার উপনির্বাচনকে কেন্দ্র করে রাজনৈতিক দলগুলির প্রচারাভিযান জমজমাট হয়ে উঠেছে। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব-এর সমর্থনে মূখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা আজ বাগমা, উদয়পুর শহর, গর্জি এলাকায় নির্বাচনী প্রচারে অংশ নেন। তিনি প্রচারে অংশ নিয়ে বক্তব্য রাখতে গিয়ে কেন্দ্রীয় ও রাজ্যের বিভিন্ন উন্নয়ন মূলক কাজের চিত্র তুলে ধরেন। মুখ্যমন্ত্রী বলেন, মাতারবাড়ির প্রসাদ পেরা জিও ট্যাগ এর মর্যাদা

পেয়েছে l  এই সভাগুলিতে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মন্ত্রী শুক্লা চরণ নোয়াতিয়া, বিধায়ক  অভিষেক দেবরায় প্রমুখ।

**********************

**Election camping-1**

BJP

আজ সিপাহীজলা জেলার সোনামুড়া ও নলছড়ে বি.জে.পি প্রার্থী বিপ্লব কুমার দেব ভোট প্রচারে অংশ নেন।  তার সঙ্গে উপস্থিত ছিলেন বিধায়ক ভগবান চন্দ্র দাস ও বিধায়ক বিন্দু দেবনাথ সহ অন্যান্যরা। নলছড়ে আয়োজিত এক সমাবেশে ভাষণ দিতে গিয়ে বিপ্লব কুমার দেব কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়ন মূলক কাজের উল্লেখ করেন। সমাবেশে বিধায়ক কিশোর বর্মন প্রমুখ উপস্থিত ছিলেন। ।

পূর্ব ত্রিপুরা আসনের বিজেপি প্রার্থী কৃতি সিং দেববর্মনের সমর্থনে আজ কৈলাশরের কালীপুর এলাকায় ভোট প্রচার অংশ নেন বিজেপি নেতা তথা শ্রমমন্ত্রী টিংকু রায়। তিনি জনকল্যানে সরকারের গৃহিত উন্নয়ন মূলক কাজগুলি তুলে ধরেন।

এই প্রচার কর্মসূচিতে উপস্থিত ছিলেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, বি,জে,পি'র মন্ডল সভাপতি সিদ্ধার্থ দত্ত প্রমুখ।

**********************

**Election camping-2**

India Bloc

এদিকে, কংগ্রেস ও সিপিআই(এম) নেতৃবৃন্দের পক্ষ থেকে ইন্ডিয়া ব্লকের প্রার্থী রাজেন্দ্র রিয়াং-এর সমর্থনে কৈলাশহরের নূরপুরে এক সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে জেলা কংগ্রেস সভাপতি মোঃ বদরুজ্জামান, C.P.I (M) মহকুমা সম্পাদক বিশ্বরূপ গোস্বামী প্রমুখ তাদের ভাষণে কেন্দ্র ও রাজ্য সরকারের কাজকর্মের সমালোচনা করেন।

এদিকে, ধলাই জেলার কমলপুরের হালহালিতে ইন্ডিয়া ব্লকের প্রার্থীর সমর্থনে মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন, সিপিআই(এম) রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরি ও কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন।

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের ইন্ডিয়া জোটের প্রার্থী আশীষ কুমার সাহা আজ দক্ষিন জেলার শান্তিরবাজারের তইরুমা, গোবিনবাড়ি, দেবীপুর ও বীরচন্দ্রমনুতে সমাবেশে অংশ নেন। এই সভাগুলিতে শ্রী সাহা ও অন্যান্য বক্তারা কেন্দ্র ও রাজ্য সরকারের সমালোচনা করেন।

*********************

**Cyclonic Storm:**

আজ সকালের ঝড়ে ব্যাপক ক্ষতি হয়েছে আগরতলার এমবিবি বিমানবন্দরের নবনির্মিত টার্মিনাল ভবন। ঝড়ের দাপটে বিমানবন্দরের টার্মিনাল ভবন থেকে বিমানে প্রবেশ করার স্বয়ংক্রিয় অ্যাপ্রণের বেশ কিছু জায়গার লোহার শীট খুলে পড়েছে। সেই সঙ্গে ভেঙ্গে পড়েছে এয়ারকন্ডিশন মেশিনের কিছু যন্ত্রাংশ। এতে বিমানবন্দরের কয়েক কোটি টাকার ক্ষতি হয়েছে বলে প্রাথমিক ভাবে ধারণা।

ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে বিশালগড় মহকুমার বেশ কিছু এলাকার। এন.সি নগর, চম্পামুড়া, গোকুলনগর রাস্তারমাথা প্রভৃতি এলাকায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। বাড়ি ঘরের পাশাপাশি রাবার বাগান ও বিদ্যুৎ-এর খুঁটির ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। বিশালগড় মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী জানিয়েছেন ঝড়ে ক্ষয়ক্ষতি নিরুপনের কাজ শুরু করেছেন।

কালবৈশাখীর ঝড়ে আজ ঊনকোটি জেলার নানা স্থানে ক্ষয়ক্ষতি হয়েছে। ঊনকোটি জেলার বিপর্যয় মোকাবিলা বিভাগের জেলা প্রোগ্রাম আধিকারিক শুভজিৎ নাথ জানান, কুমারঘাট মহকুমার বেশ কিছু বাড়ি ঘরের ক্ষয়ক্ষতি হয়েছে।

*********************

**Dead Udaipur:**

আজ  সকালে বাজ পড়ে  ৪৮ বছরের শ্যামল দেবনাথ নামে এক ব্যক্তির মৃত্যু হয় l উদয়পুর রাজ নগর এলাকার বাসিন্দা পেশায় এক জন শ্রমিক l পুলিশ জানিয়েছে, অনান্য দিনের মতো আজ সকালে রাজনগর এলাকায় রাবার বাগানে কাজ করছিলেন l আচমকা কালবৈশাখী ঝড় ও বৃষ্টির মধ্যে বজ্র বিদ্যুৎ শুরু হয় l বজ্র বিদ্যুতের আঘাতে ঘটনস্থলেই মৃত্যু হয় ওই শ্রমিকের l দমকলের কর্মীরা তাকে গোমতী জেলা হাসপাতালে নিয়ে যায় l হাসপাতালের চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা দেন l এলাকায় শোকের ছায়া নেমে আসে l

*********************

**PM-Mirat:**

বরিষ্ঠ বিজেপি নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তরপ্রদেশের মিরাটে নির্বাচনী প্রচার শুরু করেন। প্রধানমন্ত্রী এক জনসভায় ভাষণ দিতে গিয়ে বলেন, ২০২৪-এর লোকসভা নির্বাচন শুধু সরকার গঠনের নির্বাচন নয়- ভারতকে এক উন্নত দেশ এবং বিশ্বের তৃতীয় অর্থনৈতিক শক্তি হিসেবে গঠন করারও নির্বাচন। তিনি বলেন, ভারতের গ্রহণযোগ্যতা আজ এক নতুন উচ্চতায় পৌঁছেছে এবং সারা বিশ্ব ভারতের দিকেই তাকিয়ে রয়েছে। প্রধানমন্ত্রী বলেন, ভারত পরিকাঠামোর ক্ষেত্রে বিশাল পরিমানে বিনিয়োগ করেছে এবং যুব সম্প্রদায় প্রতিটি বিভাগেই বিভিন্ন সুযোগ সুবিধা পাচ্ছেন। জনসভায় উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী আদিত্য নাথ যোগীও বক্তব্য রাখেন।

উল্লেখ্য, রামায়ন সিরিয়ালে রাম চরিত্রের অভিনেতা অরুন গোভীল মিরাট লোকসভা কেন্দ্র থেকে বিজেপি দলের হয়ে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

*********************

**India Bloc Rally:**

দিল্লির রামলীলা ময়দানে আজ ইন্ডিয়া ব্লকের উদ্যোগে এক মহা রেলির আয়োজন করা হয়। সমাবেশে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে অভিযোগ করেন যে কেন্দ্র বিরোধী দলগুলিকে ভয়ভীতি দেখানোর জন্য বিভিন্ন সংস্থার অপপ্রয়োগ করছে। তিনি আরও বলেন, এই নির্বাচন গনতন্ত্র এবং সংবিধানকে বাঁচানোর নির্বাচন এবং বিরোধী জোটকে এর জন্য ঐক্যবদ্ধ হয়ে লড়াই করবে। উল্লেখ্য, ইন্ডিয়া Bloc গঠনের পর এটাই প্রথম জনসমাবেশ। সমাবেশে কংগ্রেস নেত্রী সোনিয়া গান্ধী, প্রিয়াঙ্কা গান্ধী, রাহুল গান্ধী, পাঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান সহ জোটের অন্যান্য নেতৃবৃন্দও উপস্থিত ছিলেন।

এদিকে, নয়াদিল্লিতে দলের সদর দপ্তরে এক সাংবাদিক সম্মেলনে বিজেপি বলে যে এই সমাবেশ গণতন্ত্র বাঁচানোর সমাবেশ নয়- এটি পরিবার বাঁচানোর এবং দুর্নীতি গোপনের সমাবেশ।

*********************

**Election:**

রাজ্য নির্বাচন দপ্তরে সার্ভেলেন্স টিম এবং ফ্লাইং স্কোয়াড টিম গত কয়েকদিনে সাড়ে তিন কোটি টাকার উপরে মদ সহ অন্যান্য আপত্তিকর জিনিস বাজেয়াপ্ত করেছে। পশ্চিম ত্রিপুরার রিটার্নিং অফিসার ডক্টর বিশাল কুমার আকাশবাণীকে জানান যে মোহনপুর এবং জিরানিয়া থেকে প্রায় দুই থেকে তিন লক্ষ টাকার মদ আটক করা হয়েছে। তিনি আরো জানান যে ৫০টি ফ্লাইং স্কোয়ার্ড টিম এবং ৫০টি সার্ভেলেন্স টিম ভোটারদের প্রভাবিত করতে পারে এমন আপত্তিকর জিনিস বাজেয়াপ্ত করার কাজ করছে। এছাড়াও নির্বাচন দপ্তর রাজ্য বিক্রয় কর এবং রাজ্য আবগারি দপ্তরকে

নির্দেশ দিয়েছে যে বাজারে প্রয়োজনের অতিরিক্ত দ্রব্য মজুতদারদের বিরুদ্ধে নজরদারি চালু রাখতে।

*********************

**Women Polling Station:**

রাজ্য পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের ৭৯৩ টি ভোট কেন্দ্রের মধ্যে ৫৮ টি ভোটকেন্দ্র সম্পূর্ণভাবে মহিলাদের দ্বারা পরিচালিত হবে। এর জন্য মহিলা ভোট কর্মীর প্রশিক্ষণ হয়েছে আগরতলা শিশু বিহার উচ্চ মাধ্যমিক বিদ্যালয়। মহিলা পরিচালিত এই ভোট দান কেন্দ্রগুলি হবে মডেল ভোটকেন্দ্র।

*********************

**Easter Celebrated:**

আজ বিশ্ব জুড়েই পালিত হচ্ছে ইস্টার উৎসব। খ্রীষ্টান ধর্মাবলম্বীদের বিশ্বাস অনুযায়ী এই দিন প্রভু যীশুর ক্রুশবিদ্ধ হবার পর পুনরাবির্ভাব হয়েছিল। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এই উপলক্ষে এক শুভেচ্ছা বার্তায় জানান যে এই দিনটি যীশুর পুনরাবির্ভাব দিবস এবং ভালবাসা এবং সহমর্মিতার দিন। উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় এক শুভেচ্ছা বার্তায় জানান যে ইস্টার যীশুর পুনরাবির্ভাব দিবস এবং একই সাথে দয়া, করুনা ও ক্ষমার দিবস। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও দেশবাসীকে ইস্টারের শুভেচ্ছা জানিয়েছেন।

*********************

**Bimal Sinha:**

রাজ্যের প্রাক্তন স্বাস্থ্যমন্ত্রী বিমল সিংহের প্রয়াত দিবস কমলপুরের রূপসপুরে আজ যথাযোগ্য মর্যাদায় পালিত হয়। সেখানে স্হায়ী শহীদ বেদীতে হয় মূল অনুষ্ঠান। মহকুমার দশটি অঞ্চলে সিপিএম কর্মী সমর্থকরা মিলিত হয়ে বিমল সিনহা ও তার ভাই বিদ্যুৎ সিনহার শহীদ বেদীতে পুষ্পার্ঘ অর্পণ করেন। আজকের দিনটি সন্ত্রাসবাদ বিরোধী দিবস ও গণতন্ত্র পুনরুদ্ধারের শপথে পালন করে সিপিআই(এম)।

*********************

**Bimal sinha death anniversary:**

এদিকে, আগরতলায় সিপিআইএম রাজ্য দপ্তরে আজ প্রাক্তন স্বাস্থ্যমন্ত্রী বিমল সিনহার মৃত্যু দিবস পালন করা হয়। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বিমল সিনহার প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানান রাজ্য বামফ্রন্ট চেয়ারম্যান নারায়ণ কর, সিপিএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী ও অন্যান্য নেতৃবৃন্দ। এদিকে দলের সদর মহকুমা দপ্তরেও এই দিনটি পালন করা হয়। উল্লেখ্য, ১৯৯৮ সালের ৩১-শে মার্চ সন্ত্রাসবাদীদের গুলিতে নিহত হন বিমল সিনহা ও তাঁর ভাই বিদ্যুৎ সিনহা।

*********************

**Bharat Ratna Award:**

রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু আজ প্রাক্তন উপ-প্রধানমন্ত্রী লালকৃষ্ণ আদবানীকে ভারত-রত্ন পুরস্কারে ভুষিত করেন। নয়াদিল্লিতে আদবানীর বাসভবনে গিয়ে রাষ্ট্রপতি তাঁকে এই পুরস্কারে সম্মানিত করেন। এই অনুষ্ঠানে উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

*********************

**Hamder Parab:**

কৈলাশহরের মনুভ্যালি চা-বাগান এলাকার সতেরো নম্বর মাঠে আজ অনুষ্ঠিত হয় পঞ্চম হামদের পরব।

ত্রিপুরা চা-শ্রমিক উন্নয়ন সমিতির উদ্যোগে আয়োজিত এই কর্মসূচিতে চা-বাগান এলাকায় বসবাসকারী বাউরি, ওরাং, ভিল, মুন্ডা, সাঁওতাল, শবর, কন্দ সম্প্রদায়ের ঐতিহ্যবাহী নাচ-গান পরিবেশিত হয়।

আয়োজক সংগঠনের কার্যকরী সদস্য জয়দীপ রায় জানান, চা-শ্রমিকদের ঐতিহ্য, পরম্পরা, কৃষ্টি-সংস্কৃতিকে পরিপুষ্ট করার লক্ষ্যে প্রতি বছরের মতো এবারও এধরনের কর্মসূচির আয়োজন।

*********************

**Blood Donation Camp:**

কৈলাশহরের শ্রীরামপুর সূর্যমণি মেমোরিয়াল দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে আজ এক স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ের N.S.S ইউনিট ও কৈলাশহর ব্লাড ডোনার্স এসোসিয়েশন যৌথভাবে এই শিবিরের আয়োজন করে।

বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক অরিন্দম সরকার জানান, মুমুর্ষ রোগীর প্রাণ বাঁচাতে, রক্তের প্রয়োজনে এই রক্তদান শিবিরের আয়োজন। বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র ও বর্তমান শিক্ষক-শিক্ষিকারা আজ রক্তদান করেন। ছয়জন মহিলা সহ মোট একত্রিশ জন রক্তদান করেন।

*********************

**Weather:**

আগামী চব্বিশ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্ত ভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ চৌত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন তেইশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল একত্রিশ দশমিক চার ডিগ্রী এবং সর্বনিম্ন কুড়ি দশমিক এক ডিগ্রী সেলসিয়াস।

*********************

*********************